গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও
www.doict.haripur.thakurgaon.gov.bd

**হরিপুর উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২০ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি, হরিপুর, ঠাকুরগাঁও।

প্রধান অতিথিঃ জনাব মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা
উপজেলা আইসিটি কমিটি, হরিপুর, ঠাকুরগাঁও।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখঃ ০৩ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
**সভায় উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

০১। সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। বর্তমান করোনা পরিস্থিতিতে জুম সফটওয়্যার ব্যবহার করে বিভিন্ন মিটিং বাস্তবায়ন এবং সকল স্কুল-কলেজে জুম সফটওয়্যার ব্যবহার করে পাঠ দানের ব্যবস্থা করা, সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ঘরে বসে শিক্ষা, লাইভ করোনা ঝুঁকি টেস্ট, কোভিড-১৯ ট্রাকার, অনলাইন ভিত্তিক ক্লাস সম্পর্কে আলোকপাত করা হয়।

০৩। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল করিম এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব ধনেশ্বর চন্দ্র রায়, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর এর কার্যাবলি তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব ধনেশ্বর চন্দ্র রায় তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ এবং কার্যকর ব্যবস্থা গহণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলায় অবস্থিত সকল স্কুল কলেজের নিজস্ব ওয়েবপোর্টাল এর প্রয়োজনীয়তার বিষয়েও আলোচনা হয়।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করবে বলে সভায় সিদ্ধান্ত হয়। সকল স্কুল কলেজ তাদের নিজস্ব ওয়েবপোর্টাল চালু করার ব্যাপারে একমত পোষণ করেন। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৩ | ই-নথির | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের | প্রত্যেক দপ্তরের দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম পরিচালনা এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ | ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ই-নথির কার্যক্রম অনতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করেন।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালিত করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৪ | জুম সফটওয়্যারের ব্যবহার | বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে, জুম সফটওয়্যার ব্যবহার করে বিভিন্ন মিটিং এর ব্যবস্থা করা হয়। এই সফটওয়্যারের মাধ্যমে কিভাবে স্কুল-কলেজের শিক্ষার্থীদের মাঝে পাঠ দান করা যায়, কিভাবে ক্লাশ নিয়ন্ত্রণ করা যায়, এসব বিষয় সভায় আলোকপাত করা হয়, এবং কোন কাজ যেন থেমে না থেকে, কিভাবে ওই কাজ ভার্চুয়ালি করা সম্ভব হয় তা আলোচনা করা হয়। সবাইকে তথ্য প্রযুক্তি বিষয়ে নিজস্ব সত্তায় মনোনিবেশ করে জ্ঞান বৃদ্ধি করে কাজে লাগানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, হরিপুর |
| ০৫ | সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ঘরে বসে শিক্ষা কার্যক্রম ও অনলাইন ভিত্তিক ক্লাস বাস্তবায়ন | সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ঘরে বসে শিক্ষা কার্যক্রম ও অনলাইন ভিত্তিক ক্লাস সম্পর্কে আলোচনা করা হয় ।<br>এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| ০৬ | লাইভ করোনা ঝুঁকি টেস্ট, কোভিড-১৯ ট্রাকার, এই ওয়েব সাইট গুলো ব্যাবহার করে তথ্য প্রাপ্তি সম্পর্কে | লাইভ করোনা ঝুঁকি টেস্ট, কোভিড-১৯ ট্রাকার, এই ওয়েব সাইট গুলো ব্যাবহার করে তথ্য প্রাপ্তি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। নিয়মিত তথ্য প্রদান করে করোনা ঝুঁকি টেস্ট করে নিরাপদ থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপস্থিত সকলে |
| ০৭ | অন্যান্য | সভায় উপস্থিত সম্মানিত সকল অতিথি এটা বিশ্বাস করেন যে, তাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১', 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবেন।<br>সভায় বক্তাগণ ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকলে |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও
www.doict.haripur.thakurgaon.gov.bd

স্মারক নং- 56.04.9451.000.06.001.2020-8 তারিখঃ ৩ সেপ্টেম্বর ২০২০

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাও-২
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/মন্ত্রণালয়,আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ,রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
৭। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও।
৮। ..........................................................................................................................
কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
৯। অফিস কপি।

03.09.2020

(ধনেশ্বর চন্দ্র রায়)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
ফোনঃ ০৫৬২৩৫৬০৩৩
Email: dhanasher.roy@gmail.com